





সুন্দরবন বিষয়ক ⇨

পশ্চিমবঙ্গ

মে-জুলাই, ২০১৭

বিশেষ সংখ্যা



পরিকল্পনা খাতে বরাদ্দ (কোটি টাকায়)



প্রধান কাজকর্ম:

সুন্দরবন বিষয়ক বিভাগের কাজকর্ম রাজ্য সরকারের অঞ্চল উন্নয়ন কর্মসূচির সঙ্গে সংশ্লিষ্ট। পরিকল্পনা প্রস্তাবগুলি এবং কাজের কর্মসূচি এমনভাবে তৈরি করা হয় যাতে তার সর্বাধিক সুবিধা সমাজের দরিদ্রতম মানুষের কাছেও পৌঁছাতে পারে।

- এই পরিকল্পনা কর্মসূচির অধীনে অগ্রাধিকারের জায়গাগুলি হল :
 - দ্বীপ অঞ্চলে যাওয়ার সুবিধার জন্য পরিবহণ ও যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন সহ পরিকাঠামোগত উন্নয়ন।
 - কৃষি ও সংশ্লিষ্ট ক্ষেত্রে উৎপাদন বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টি।

২০১১-১২ থেকে ২০১৬-১৭ সময়কালে লক্ষ্যণীয় সাফল্য :

- দ্বীপ অঞ্চলে যাওয়ার সুবিধার জন্য পরিবহণ ও যোগাযোগ ব্যবস্থার উন্নতি-সহ পরিকাঠামোগত উন্নয়ন
 - রাস্তা
 - ১৬৭৬.০২৫ কি.মি. ইট বাঁধানো রাস্তা তৈরি।
 - ২৯০.৫৮২ কি.মি. কংক্রিটের রাস্তা তৈরি।
 - ৩১৫.৮৩২ কি.মি. বিটুমিনের রাস্তা তৈরি।
 - সেতু
 - ৩টি (ছয়টি) আরসিসি সেতু নির্মাণ। কাকদ্বীপ ও পাথরপ্রতিমা ব্লকগুলির সংযোগসাধনের জন্য গঙ্গাধরপুর-দুর্বাচটিতে সপ্তমুখী নদীর উপর সপ্তমুখী সেতু, মথুরাপুর-১ নং ব্লকে বাঁশতলা-বড়াঘেরিতে সুতারবাগ নদীর ওপর সুতারবাগ সেতু, পাথরপ্রতিমা ব্লকে আঠেরোগাছি খালে (জোয়ার-ভাটার কারণে) কুমারপুর বাজার সেতু, জয়নগর-২ ও কুলতলির সংযোগকারী সিকিরহাট খালের ওপর সিকিরহাট সেতু, মথুরাপুর-২ ও পাথরপ্রতিমা ব্লকগুলির সংযোগ সাধনের জন্য বোলেরহাটে মৃদঙ্গভাঙা নদীর ওপর মৃদঙ্গ সেতু এবং পাথরপ্রতিমা ব্লকে আঠেরোগাছি ক্যানালের ওপর আদিবাসী বাজার সেতু।

- আরসিসি জেটি :

- ৮ নং লটে জেটি সহ ১৩১ টি আরসিসি জেটি নির্মাণ।

- স্পোর্টস কমপ্লেক্স :

- এই বিভাগ-এর মধ্যে রায়দিঘি ও ক্যানিং-এ স্পোর্টস কমপ্লেক্স তৈরি করেছে।

কৃষি, মৎস্যক্ষেত্র এবং সামাজিক বনসৃজন বিভাগের কাজকর্ম

- কৃষি : ক্ষুদ্র ও প্রান্তিক পর্যায়ের চাষীদের মধ্যে চার লক্ষেরও বেশি উপকারভোগীকে নানা ধরনের কৃষি সম্পর্কিত দ্রব্য যেমন রাঙা আলুর বীজ, সূর্যমুখীর বীজ, ভার্মি কমপোস্ট ইত্যাদি এবং যন্ত্রপাতি যথা ধানমাড়াই যন্ত্র, সিঞ্চক যন্ত্র, পাম্প সেট ইত্যাদি বিতরণ করা হয়েছে।
- মৎস্যক্ষেত্র : দরিদ্র পর্যায়ভুক্ত প্রায় পঁয়ত্রিশ হাজারেরও ওপর উপকারভোগী শীবরদের মাছের পোনা, চুন, মাছের খাবার ইত্যাদি বিতরণ করা হয়েছে এবং তাদের সক্ষমতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- সামাজিক বনসৃজন : প্রায় চার হাজার হেক্টর জমি ম্যানগ্রোভ, ঝাউ ইত্যাদি উদ্ভিদ রোপণের আওতায় আনা হয়েছে।